গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর ২০৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত 'নৈতিকতা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল্লাহিল আজম<br>চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ |
| সভার তারিখ | ২২ জানুয়ারি, ২০২৪ |
| সভার সময় | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় অনুযায়ী সভা শুরু করার জন্য উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভার আলোচ্য সূচি অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

**সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোনো সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। | পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার বিষয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের সভায় গৃহীত ১০টি সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য সভায় পেশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর নির্ধারিত ছক অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারণ করে এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ৩য় সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার বিষয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এসকল বিষয় এজেন্ডাভুক্ত করে সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে এনটিআরসিএ-এর ক্রয় পরিকল্পনা ও বাজেট বাস্তবায়নের বিষয়ে প্রতিবন্ধকতা রয়েছে। ১ম ও ২য় কোয়ার্টারে ক্রয় পরিকল্পনা ও বাজেট কার্যক্রমে কোনো অগ্রগতি সন্তোষজনক নয়। বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বে থাকা সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ক্রয় পরিকল্পনা ও বাজেট কার্যক্রম আরও তরান্বিত করার জন্য পত্র দেয়া যেতে পারে।<br>শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যকর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | (ক) এনটিআরসিএ-এর ক্রয় পরিকল্পনা ও বাজেট বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কে ক্রয় পরিকল্পনা ও বাজেট কার্যক্রম তরান্বিত করার জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | শুদ্ধাচার বিষয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় গৃহীত সুপারিশসমূহ পর্যালোচনা | বিগত ৩১ অক্টোবর, ২০২৩ তারিখ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রিন্ট মিডিয়ার সাংবাদিক, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষক এবং এনটিআরসিএ-এর কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। বর্ণিত সভায় অংশীজনদের কাছ থেকে কিছু সংখ্যক সুপারিশ/মতামত পাওয়া যায়। সেসকল সুপারিশসমূহ সংশ্লিষ্ট অনুবিভাগকে অবহিত করা যেতে পারে। উক্ত অনুবিভাগ সুপারিশসমূহ বাস্তবায়নযোগ্য কিনা তা যাচাই করে পরবর্তী সভায় উপস্থাপন করবে মর্মে সভায় আলোচনা হয়। সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করেন। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় যেসকল সুপারিশ/মতামত পাওয়া যায় তা বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট অনুবিভাগকে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার বিষয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



৩১-০১-২০২৪
মোঃ সাইফুল্লাহিল আজম
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ
chairman@ntrca.gov.bd

১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৫.০০০০.০০৯.৬১.০০১.২০.৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
২। সচিব , সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৩। পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৫। উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৭। সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৮। সহকারী পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
৯। সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);
১০। সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-২), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এবং
১১। পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

০৬-০২-২০২৪
মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব), এনটিআরসিএ

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নৈতিকতা হাজিরা